

৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ

অফিসঃ বাবুরচর, উপজেলা :- সদরপুর,
জেলাঃ- ফরিদপুর। মোবাইল- ০১৭১৬-৩৭৯২৪৬

স্মারক নং- ঢেউ,ই,প/সদরপুর/ফরিদ-২০২২/ ৬২

তারিখঃ ২৬/১০/২০২২ ইং

অধ্যকার সভায় চেয়ারম্যান জনাব মোঃ মিজানুর রহমান উল্লেখ করেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরের ৯নং ঢেউখালী ইউনিয়নের হত দরিদ্রদের সরকার নির্ধারিত মূল্যে ১৫ (পনের) টাকা হারে প্রতি এক কেজি কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিতরণের অন্যান্য সামাজিক নিরাপত্তা বেটনী সুবিধা ভোগীদের নাম এবং একই পরিবারে একাধিক নাম তালিকায় অন্তর্ভুক্ত না করে ও ঢেউখালী ইউনিয়নের স্থায়ীভাবে বসবাস করে এ ধরনের ১৩৫৭ (এক হাজার তিনশত সাতান্ন) টি কার্ডের মধ্যে ১০০৪ (এক হাজার চার) টি অনলাইনে এন্ট্রি করা হয় এবং বাকী অনলাইনে অন্তর্ভুক্ত না করা ৩৫৩ (তিনশত তিপ্পান্ন) টি কার্ড সংশোধিত নামের তালিকা প্রস্তুত করার জন্য ইউপি সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান সাহেবের বক্তব্যের আলোকে ০৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য লতিপ শিকদার বিভিন্ন ওয়ার্ড হইতে প্রাপ্ত সংশোধিত নামের তালিকা যাচাই বাছাই করিয়া খাদ্যবান্ধব কার্ডের নামের তালিকা প্রস্তুত করার প্রস্তাব করেন। চেয়ারম্যান সাহেব প্যানেল চেয়ারম্যান লতিপ শিকদার এর প্রস্তাবের আলোকে বিভিন্ন ওয়ার্ড হইতে প্রাপ্ত সংশোধিত কার্ডের নামের তালিকা যাচাই বাছাই করিয়া খাদ্যবান্ধব নামের তালিকা প্রস্তুত করার জন্য সকল ইউপি সদস্যদের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করেন এবং চূড়ান্ত তালিকা অনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

অন্তঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/:


(মোঃ মিজানুর রহমান)

চেয়ারম্যান

৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ

সদরপুর, ফরিদপুর।

তারিখঃ ২৬/১০/২০২২ ইং


২০/১০/২২
মোঃ মিজানুর রহমান
চেয়ারম্যান
৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ
সদরপুর, ফরিদপুর।